দৈনিক খবর

তারিখ 27 SEP 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

# প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হবে রফিকুল্লাহ ও শিমলিন

বাসস জানায়, ঢাকা শিক্ষা বোর্ডের দু'জন মেধাবী ছাত্র প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সফরসঙ্গী হবে। প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের ৪৮তম অধিবেশনে ভাষণদানের উদ্দেশ্যে আগামী ২৯শে সেপ্টেম্বর নিউইয়র্কের উদ্দেশ্যে রাজধানী ত্যাগ করবেন।

এ বছর ঢাকা শিক্ষা বোর্ডের আওতায় এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী এ এস এম রফিকুল্লাহ এবং মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকারিণী শিমলিন সুলতানা জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রধানমন্ত্রীর সফরসঙ্গীদের মধ্যে রয়েছেন। প্রধানমন্ত্রীর সফরসঙ্গীদের মধ্যে এদের অন্তর্ভুক্ত করার উদ্দেশ্য হচ্ছে তাদের মেধার প্রতি স্বীকৃতি প্রদান এবং ভবিষ্যৎ লেখাপড়ায় উৎসাহিত করা।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সাধারণতঃ দেশের মেধাবী ছাত্রদের তার সফরসঙ্গীদের মধ্যে রাখছেন বহির্বিশ্ব সম্পর্কে এদের জ্ঞান বৃদ্ধির সুযোগ সৃষ্টির লক্ষ্যে। তিনি গত বছর ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় প্রথম স্থান অধিকারীকেও ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় জোট নিরপেক্ষ আন্দোলন সম্মেলনে যোগদানের সময় সফরসঙ্গী করেছিলেন।

বেগম জিয়া আগামী মাসে কমনওয়েলথ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে সাইপ্রাস সফরকালে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এসএসসি পরীক্ষায় প্রথম স্থান অধিকারীকেও সফরসঙ্গী তালিকায় অন্তর্ভুক্ত করবেন।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশের মেধাবী ছাত্রদের সঙ্গে মত বিনিময় এবং তাদেরকে বিদেশ সফরে অন্তর্ভুক্ত করার মহান প্রয়াস শুরু

এসিএমই ল্যাবরেটরীজ লিঃ-এর ম্যানেজমেন্ট কনসালটেন্ট মোঃ সানাউল্লাহ'র ছেলে এ এস এম রফিকুল্লাহ গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল থেকে ৭টি বিষয়ে লেটারসহ মোট ৯শ' ২৫ নম্বর পেয়েছে।

প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হওয়ার অনুভূতি ব্যক্ত করতে যেয়ে রফিক বলেছে যে, এটা হচ্ছে তার ১০ বছরের শিক্ষার সাফল্য। প্রধানমন্ত্রীর সফরসঙ্গীর সুযোগ পেয়ে সে অত্যন্ত আনন্দিত এবং প্রধানমন্ত্রীর প্রতি তার আন্তরিক ধন্যবাদ প্রকাশ করেছে।

ব্যাংকার সুজাউদ্দিন আহমেদের মেয়ে শিমলিন সুলতানা ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ থেকে ৭টি বিষয়ে লেটারসহ মোট ৯শ' ৭ নম্বর পেয়েছে। শিমলিন বলেছে যে, বিদেশে যাওয়াটা হচ্ছে তার জন্য একটি চমৎকার সুযোগ। সে কখনো ভাবতে পারেনি যে, এই বয়সে এ ধরনের একটি বিরাট সুযোগ তার আসবে।



রফিকুল্লাহ



শিমলিন